## বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর বাস্তবায়ন অগ্রগতি ও মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | কাজী তোফায়েল হোসেন, প্রধান প্রকৌশলী, মনিটরিং ও আহবায়ক, এপিএ টীম, বাপাউবো। |
| সভার তারিখ | ঃ | ৫ নভেম্বর, ২০২০ তারিখ |
| সভার সময় | ঃ | সকাল - ১০:০০ ঘটিকায় |
| স্থান | ঃ | প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তরকক্ষ, পানি ভবন (লেভেল-৫, ব্লক-এইচ), ৭২, গ্রীণ রোড, ঢাকা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-'ক' |

গত ৫ নভেম্বর, ২০২০ তারিখে সকাল ১০:০০ ঘটিকায় প্রধান প্রকৌশলী, মনিটরিং এর সভাপতিত্বে বাপাউবো'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২১ এর নভেম্বর মাসের সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট-'ক' তে দ্রষ্টব্য।

০২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভায় এপিএ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের বাস্তবায়ন এবং নিয়মতান্ত্রিকভাবে তার প্রমাণক সংরক্ষণ বিষয়ে আলোচনা করা হয়। আলোচনাকালে বাপাউবো'র এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা আবশ্যিক কৌশলগত কার্যাবলীর ২.৫.১ নং কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদান বিষয়ে কার্যক্রম গ্রহণ বিষয়ে আলোকপাত করেন, যার কর্মসম্পাদন সূচক মান ১। এ মান অর্জন করতে ন্যূনতম একজন কর্মকর্তা/ কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদান করতে হবে। সভায় আলোচনাক্রমে এপিএ বাস্তবায়নে কেন্দ্রীয় পর্যায়ে ও জোন পর্যায়ে সমন্বয় এবং মাঠ পর্যায়ে এপিএ বাস্তবায়ন কার্যক্রমে সংশ্লিষ্ট ৬ (ছয়) জন কর্মকর্তাকে Short-listing করে তন্মধ্যে ৩ (তিন) জনকে প্রণোদনা প্রদান এবং অবশিষ্ট ৩ (তিন) জনকে প্রশংসাপত্র প্রদানের জন্য মনোনীত করে তা কার্যকরণের প্রস্তাবনা বোর্ডে দাখিলের বিষয়ের আলোচনা হয়। প্রস্তাবিত কর্মকর্তাসমূহের তালিকা নিম্নরূপঃ

| ক্রমিক | নাম, পদবী, দপ্তর ও বেতন গ্রেড | যৌক্তিকতা |
|---|---|---|
| ১। | জনাব সৌরভ কুমার দাস,<br>উপ-বিভাগীয় প্রকৌশলী,<br>প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।<br>গ্রেড-৯ | • বাপাউবো'র এপিএ এর সার্বিক সমন্বয়, এপিএ সম্পাদন ও মূল্যায়ন।<br>• মন্ত্রিপরিষদ বিভাগ এবং পানি সম্পদ মন্ত্রণালয়ে এপিএ প্রমাণক যৌক্তিকতা সহ উপস্থাপন এবং যথাসম্ভব সর্বোচ্চ নম্বর প্রাপ্তি নিশ্চিতকরণ। |
| ২। | জনাব নাসরিন রাজিয়া আখতার,<br>নির্বাহী প্রকৌশলী,<br>প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল এর দপ্তর,<br>বাপাউবো, রাজশাহী।<br>গ্রেড-৫ | • জোন পর্যায়ে এপিএ এর সার্বিক সমন্বয়, সম্পাদন ও মূল্যায়ন।<br>• বাপাউবো ও মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্যের আওতায় কর্মসম্পাদন সূচক ৩.৪.২ এর আওতায় পুনঃখনন (বাঙ্গালী-করতোয়া-ফুলজোড়-হুরাসাগর নদী সিস্টেম) এর লক্ষ্যমাত্রা অর্জন করে প্রাপ্ত নম্বর ২ নিশ্চিত করার বিশেষ অবদান। |
| ৩। | জনাব হাসান মাহমুদ,<br>নির্বাহী প্রকৌশলী,<br>ভোলা পওর বিভাগ-২, বাপাউবো, ভোলা ।<br>গ্রেড -৫ | • কোভিড-১৯ পরিস্থিতিতে ২টি প্রকল্প (তন্মধ্যে ১টি মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত) সমাপ্তকরণ।<br>• বরাদ্দ স্বল্পতা স্বত্ত্বেও অপর ৩টি প্রকল্পের নদী তীর সংরক্ষণ কাজে লক্ষ্যমাত্রার অধিক বাস্তবায়ন।<br>• বিভাগীয় দপ্তরের ঈর্ষনীয় এডিপি বাস্তবায়ন অগ্রগতি। |
| ৪। | জনাব মোঃ মোখলেছুর রহমান,<br>নির্বাহী প্রকৌশলী,<br>গাইবান্ধা পওর বিভাগ, বাপাউবো, গাইবান্ধা<br>গ্রেড-৬ | • কোভিড-১৯ পরিস্থিতিতে বরাদ্দ স্বল্পতা স্বত্ত্বেও বাস্তবায়নাধীন বুগ্ন প্রকল্পে নদী তীর সংরক্ষণ কাজ এবং নদী ড্রেজিং কাজে লক্ষ্যমাত্রার অধিক বাস্তবায়ন। |
| ৫। | জনাব মোঃ আরিফ হোসেন,<br>উপ-বিভাগীয় প্রকৌশলী,<br>বাগেরহাট পওর উপ-বিভাগ, বাপাউবো, বাগেরহাট।<br>গ্রেড -৬ | • কোভিড-১৯ পরিস্থিতিতে বরাদ্দ স্বল্পতা স্বত্ত্বেও নিজ অধিক্ষেত্রভুক্ত বাস্তবায়নাধীন ২টি বুগ্ন প্রকল্পে নদী ও খাল পুনঃখনন কাজে লক্ষ্যমাত্রার অতিরিক্ত বাস্তবায়ন, যার কারণে সার্বিকভাবে বাপাউবো'র আইটেমসমূহে শতভাগ লক্ষ্য অর্জন সম্ভব হয়েছে। |
| ৬। | জনাব মোঃ সালাউদ্দীন,<br>উপ-বিভাগীয় প্রকৌশলী<br>লালমোহন পওর উপ-বিভাগ, বাপাউবো, ভোলা ।<br>গ্রেড-৯ | • কোভিড-১৯ পরিস্থিতিতে বরাদ্দ স্বল্পতা স্বত্ত্বেও প্রকল্প বাস্তবায়নে অত্যন্ত সন্তোষজনক অগ্রগতি সহকারে বাস্তবায়ন।<br>• স্বীয় উপ-বিভাগের পাশাপাশি বিভাগীয় দপ্তরের ঈর্ষনীয় এডিপি বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত সিংহভাগ পেপারওয়ার্ক সম্পাদন এবং নতুন প্রকল্প প্রণয়ন। |

০৩। ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে পত্র মারফত সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির উন্নয়নকল্পে মতামত আহবান করা হয়েছে, যা ০৪/১১/২০২০ তারিখ অপরাহ্নে পানি সম্পদ মন্ত্রণালয় হতে ই-মেইল যোগে পাওয়া গেছে। প্রাপ্ত পত্রের সাথে সংযুক্ত ছক অনুযায়ী মাঠ দপ্তরের মতামত সম্বলিত করে এপিএ টিমের মাধ্যমে তা প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে। সভায় বাপাউবো'র এপিএ স্বাক্ষরকারী সকল জোন/প্রকল্প এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের বাস্তবায়ন সম্পর্কিত ঢাকাস্থ সকল দপ্তরে পত্র প্রেরণ করে মতামত সংগ্রহ বিষয়ে আলোচনা করা হয়। সকল যৌক্তিক মতামত সন্নিবেশিত করে তা বোর্ডের অনুমোদনক্রমে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সকলে একমত পোষণ করেন।

০৪। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | অনুচ্ছেদ ২ -তে প্রস্তাবিত কর্মকর্তাদের Short-listed তালিকা হতে ক্রমিক ১-৩ কে এপিএ বাস্তবায়নের প্রণোদনা স্বরূপ ১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সম্মানী প্রদান করা যেতে পারে। সে লক্ষ্যে সভার কার্যবিবরণীর প্রেক্ষিতে মহাপরিচালক, বাপাউবো মহোদয় বরাবর নোটশীট প্রস্তাবনা দাখিল করতে হবে এবং তার অনুমোদনের প্রেক্ষিতে অর্থ পরিদপ্তর এতদসম্পর্কিত বাজেট বরাদ্দ, তহবিল সংশ্লিষ্ট কর্মকর্তাদের হিসাব নম্বরে স্থানান্তর করে প্রনোদনা প্রদানের কার্যক্রম সম্পাদন করবেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং পরিদপ্তর/ পরিচালক, অর্থ পরিদপ্তর/ পরিচালক, হিসাব রক্ষণ পরিদপ্তর |
| ২ | অনুচ্ছেদ ২ -তে প্রস্তাবিত কর্মকর্তাদের Short-listed তালিকা হতে ক্রমিক ৪-৬ কে এপিএ বাস্তবায়নে কৃতিত্বের স্বীকৃতি স্বরূপ প্রশংসাপত্র পদান করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং পরিদপ্তর |
| ৩ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির উন্নয়নকল্পে মন্ত্রিপরিষদ বিভাগ চাহিত মতামত প্রণয়নের স্বার্থে মাঠ দপ্তর হতে মতামত সংগ্রহ করতে হবে। সন্নিবেশিত তথ্যের আলোকে প্রণীত মতামত মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং পরিদপ্তর |

০৫। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৯/১১/২০২০

(কাজী তোফায়েল হোসেন)
প্রধান প্রকৌশলী, মনিটরিং
ও
আহবায়ক, এপিএ টীম

স্মারক নং-৪২.০১.০০০০.০১২.১০.০০১.২০- ২৯৮ তারিখ ঃ০৯/১১/২০২০ ইং

অনুলিপি (কার্যবিবরণী সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো) ঃ

১-২। অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিওন/পশ্চিম রিজিওন), বাপাউবো, ঢাকা।

৩। প্রধান প্রকৌশলী, মনিটরিং, বাপাউবো, ঢাকা।

৪-১২। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পূর্বাঞ্চল/ পূর্বাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ উত্তরাঞ্চল/ দক্ষিণাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, ঢাকা/ খুলনা/ ফরিদপুর/ চট্টগ্রাম/ কুমিল্লা/ রাজশাহী/ রংপুর/ বরিশাল/ সিলেট।

১৩-১৯। প্রকল্প পরিচালক, সাউথ ওয়েস্ট-২/সিইআইপি-১/এফআরইআরএমআইপি/ ইমিপ/হাওর ফ্ল্যাড ম্যানেজমেন্ট এন্ড লাইভলিহুড ইম্প্রুভমেন্ট/ ৬৪ জেলায় ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন (১ম পর্যায়)/ ব্লু-গোল্ড পোগ্রাম, বাপাউবো, ঢাকা।

২০। পরিচালক, কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, এপিএ টীম।

২১-২২। পরিচালক, অর্থ/হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

২৩। জনাব লিটন কুমার সরকার, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, এপিএ টীম।

২৪। জনাব শহীদ শিকদার, প্রোগ্রামার, কেন্দীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, এপিএ টীম।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে)ঃ**

১। অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও সভাপতি, পাসম এপিএ কমিটি, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।

২। প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয় এবং পাসম এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ঢাকা।

০৯/১১/২০২০

**(মোঃ আবু বক্কর সিদ্দিক)**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অঃ দাঃ)
প্রসেসিং পরিদপ্তর
ও
এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা

C:\Users\Superadmin\Desktop\APA Team Meeting Minutes.docx

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০২০-২১ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অগ্রগতি পর্যালোচনা ও এপিএ টীমের মাসিক সভা

তারিখঃ ০৫ নভেম্বর, ২০২০
সময়ঃ সকাল ১০:০০ ঘটিকা
স্থানঃ প্রধান প্রকৌশলী, মনিটরিং এর দপ্তরকক্ষ, পানিভবন, ৭২ গ্রীণরোড, ঢাকা।

| ক্রঃ নং | নাম ও পদবী | দপ্তর | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১। | মোঃ এনায়েত উল্লাহ তত্ত্বাবধায়ক প্রকৌশলী ডিজাইন পরিদপ্তর | ডিজাইন পরিদপ্তর | 01727585258 | [signature] |
| ২। | মোঃ আবু বক্কর সিদ্দিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী প্রসেসিং পরিদপ্তর | প্রসেসিং পরিদপ্তর | 01318234606 | [signature] |
| ৩। | লিটন কুমার সরকার | প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা দপ্তর | 01716173849 | [signature] |
| ৪ | মুহাম্মাদ শাহেদ হোসেন, প্রোগ্রামার | সেন্ট্রাল আইসিটি পরিদপ্তর | 01818733355 8 | [signature] 05/11/20 |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

**প্রসেসিং পরিদপ্তর**
পানি ভবন, (লেভেল-৬, ব্লক-এফ),
৭২, গ্রীণ রোড, ঢাকা
ই-মেইল: dir.processing@bwdb.gov.bd
ওয়েব ঠিকানা: www.bwdb.gov.bd

**Processing Directorate**
Pani Bhaban,72 Green Road, Dhaka
E-mail: dir.processing.bwdb@gmail.com
**Website:** www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০১২.১০.০০১.২০-২৯০ তারিখ ঃ ০৪/১১/২০২০ খ্রিঃ

**সভার বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২১ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও এপিএ টীমের মাসিক সভা আগামী ০৫/১১/২০২০ খ্রিঃ তারিখে রোজ বৃহস্পতিবার সকাল ১০:০০ ঘটিকায় প্রধান প্রকৌশলী, মনিটরিং মহোদয়ের সভাপতিত্বে তার দপ্তর কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

04/11/2020

(মোঃ আবু বক্কর সিদ্দিক)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অঃ দাঃ)
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো) ঃ

১। প্রধান প্রকৌশলী, মনিটরিং, বাপাউবো, ঢাকা ও সভাপতি, এপিএ টীম।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, এপিএ টীম।
৩। জনাব লিটন কুমার সরকার, নির্বাহী প্রকৌশলী, প্রধান প্রকৌশলী পরিকল্পনা এর দপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, এপিএ টীম।
৪। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। জনাব শহীদ সিকদার, প্রোগামার, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও সদস্য, এপিএ টীম।

O/C